# Veterinary Teaching Hospital (VTH)

Bangabandhu Sheikh Mujibur Rahman Agricultural University
Gazipur-1706

## ভেটেরিনারি টিচিং হসপিটাল (ভিটিএইচ)

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৬

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় (বশেমুরকৃবি)-এর ভেটেরিনারি মেডিসিন অ্যান্ড অ্যানিম্যাল সায়েন্স (ভিএমএএস) অনুষদের আওতাধীন ভেটেরিনারি টিচিং হসপিটাল (ভিটিএইচ) প্রাণিচিকিৎসার একটি বিশেষায়িত আধুনিক হাসপাতাল। ভিটিএইচ গাজীপুর জেলাসহ পার্শ্ববর্তী এলাকার গবাদিপ্রাণীসহ গৃহপালিত প্রাণী, পাখি, পোষাপ্রাণী এবং বন্যপ্রাণীদের স্বাস্থ্য পরীক্ষা, রোগ নির্ণয়, ময়না তদন্ত এবং চিকিৎসা সেবা প্রদান করার কাজে নিয়োজিত থাকবে। ভিটিএইচ-এ বিশেষজ্ঞ প্রাণিচিকিৎসকগণের পাশাপাশি ইন্টার্ন শিক্ষার্থীবৃন্দ প্রাণিচিকিৎসার সর্বোৎকৃষ্ট সেবা প্রদানে সচেষ্ট থাকবেন। জরুরী প্রয়োজনে ভিটিএইচ-এর বিশেষজ্ঞ প্রাণিচিকিৎসকগণ ও ইন্টার্ন শিক্ষার্থীবৃন্দ অ্যাম্বুলেটরি সার্ভিস (Ambulatory Service)-এর মাধ্যমে মাঠ পর্যায়ে চিকিৎসা সেবা প্রদান করবেন। ভিটিএইচ, ভিএমএএস অনুষদের তৃতীয় থেকে পঞ্চম বর্ষের ভেটেরিনারি শিক্ষার্থীদের হাতে-কলমে প্রাণীর রোগ নির্ণয় ও রোগচিকিৎসা শিখনের একটি গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে ব্যবহৃত হবে। তাছাড়া স্নাতকোত্তর ভেটেরিনারি ডাক্তারদের ক্লিনিক্যাল শিক্ষা ও গবেষণা কার্যক্রমের অন্যতম প্রতিষ্ঠান হিসেবেও এটি ব্যবহৃত হবে।

**ভিশন (Vision)ঃ** ভেটেরিনারি শিক্ষার্থীদের হাতে-কলমে প্রাণীর রোগচিকিৎসা শিখনের মাধ্যমে দক্ষ প্রাণিচিকিৎসক (ভেটেরিনারিয়ান) হিসেবে গড়ে তোলা এবং উচ্চতর গবেষণায় সহায়তা করা।

**মিশন (Mission)ঃ** দক্ষ প্রাণিচিকিৎসক (ভেটেরিনারিয়ান) তৈরির মাধ্যমে দেশের প্রাণিসম্পদ, গবাদিপ্রাণী, পোষাপ্রাণী ও বন্যপ্রাণীদের সুস্থ রাখা।

**উদ্দেশ্য (Objectives)ঃ**

০১। গবাদিপ্রাণীসহ গৃহপালিত প্রাণী, পাখি, পোষাপ্রাণী এবং বন্যপ্রাণীর স্বাস্থ্য পরীক্ষা, রোগ নির্ণয়, ময়না তদন্ত, চিকিৎসা সেবা ও রোগপ্রতিরোধ সেবা প্রদান করা।

০২। অ্যামবুলেটরি সার্ভিস (Ambulatory Service) প্রদান করা।

০৩। Zoonotic, Emerging, Re-emerging এবং Transboundary রোগ নির্ণয়, চিকিৎসা, গবেষণা ও রোগপ্রতিরোধ ব্যবস্থা নিশ্চিত করা।

০৪। স্বাস্থ্যসম্মত উপায়ে প্রাণী পালন ও রোগপ্রতিরোধ ব্যবস্থাপনা বিষয়ে খামারিদের প্রশিক্ষণ প্রদান।

০৫। বশেমুরকৃবিসহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ভেটেরিনারি ইন্টার্ন শিক্ষার্থীদের শিখন কার্যক্রমে সহযোগিতা করা।

**ভিটিএইচ পরিচালনার নীতিমালাঃ**

০১। ভিএমএএস অনুষদের স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণীর শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম পরিচালনা, গবেষণা ও প্রাণীর চিকিৎসা ও রোগপ্রতিরোধ কার্যক্রম পরিচালনার জন্য ভিটিএইচকে ভিএমএএস অনুষদের আওতাধীন একটি স্বতন্ত্র ক্লিনিক্যাল ইউনিট গণ্য করত এর ব্যবস্থাপনার দায়িত্ব একজন পরিচালকের উপর ন্যস্ত থাকবে।

০২। ভিটিএইচ-এর সুষ্ঠু পরিচালনার জন্য প্রয়োজনীয় অবকাঠোমো ও জনবল থাকবে।

০৩। ভিটিএইচ-এর প্রয়োজনীয় ব্যয়ভার নির্বাহের জন্য পৃথক বাজেট বরাদ্দ থাকবে।

**ভিটিএইচ পরিচালনা পর্ষদঃ**

সভাপতি ঃ ভাইস-চ্যান্সেলর, বশেমুরকৃবি

সদস্য ঃ ১। ডীন, ভিএমএএস অনুষদ

২। পরিচালক (গবেষণা)

৩। পরিচালক (বহিরাঙ্গণ)

৪। একাডেমিক কাউন্সিলকর্তৃক মনোনীত দুইজন শিক্ষক, যার মধ্যে একজন ভিএমএএস থেকে ও অন্যজন বিশ্ববিদ্যালয়ের অন্যান্য অনুষদ থেকে

৫। ভাইস-চ্যান্সেলরকর্তৃক মনোনীত ক্লিনিক্যাল বিভাগসমূহ থেকে একজন বিভাগীয় প্রধান

৬। ডিএলএস কর্তৃক মনোনিত একজন সিনিয়র ভেটেরিনারিয়ান

৭। সহযোগী পরিচালক (ভিটিএইচ)

সদস্য-সচিবঃ পরিচালক (ভিটিএইচ)

**ভিটিএইচ পরিচালনা ও ব্যবস্থাপনায় নিয়োজিত কর্মকর্তাবৃন্দঃ**

| ক্রমিক নং | পদবী | মনোনয়ন প্রক্রিয়া ও মেয়াদকাল |
|---|---|---|
| ০১। | পরিচালক (০১) | ০১। বশেমুরকৃবি-এর ভাইস-চ্যান্সেলর, ভিএমএএস অনুষদের আওতাধীন ক্লিনিক্যাল (গাইনিকোলজি, অবস্টেট্রিক্স অ্যান্ড রিপ্রোডাক্টিভ হেলথ্, মেডিসিন এবং সার্জারি অ্যান্ড রেডিওলজি) বিভাগসমূহ ও প্যাথলজি বিষয়ের অধ্যাপক/সহযোগী অধ্যাপকগণের (ন্যূনতম) মধ্য থেকে আবর্তক্রমে জ্যেষ্ঠতার ভিত্তিতে ভিটিএইচ-এর পরিচালক নিয়োগ প্রদান করবেন।<br>০২। এই নিয়োগের কার্যকাল হবে ০২ (দুই) বছর।<br>০৩। এই নিয়োগ অতিরিক্ত দায়িত্ব হিসেবে বিবেচিত হবে। |
| ০২। | সহযোগী পরিচালক (০১) | ০১। বশেমুরকৃবি-এর ভাইস-চ্যান্সেলর, ভিএমএএস অনুষদের আওতাধীন ক্লিনিক্যাল (গাইনিকোলজি, অবস্টেট্রিক্স অ্যান্ড রিপ্রোডাক্টিভ হেলথ্, মেডিসিন এবং সার্জারি অ্যান্ড রেডিওলজি) বিভাগসমূহ ও প্যাথলজি বিষয়ের ন্যূনতম সহযোগী অধ্যাপকগণের মধ্য থেকে আবর্তক্রমে জ্যেষ্ঠতার ভিত্তিতে ভিটিএইচ-এর সহযোগী পরিচালক নিয়োগ প্রদান করবেন।<br>০২। এই নিয়োগের কার্যকাল হবে ০২ (দুই) বছর।<br>০৩। এই নিয়োগ অতিরিক্ত দায়িত্ব হিসেবে বিবেচিত হবে। |
| ০৩। | বিশেষজ্ঞ প্রাণিচিকিৎসক (গাইনিকোলজি, অবস্টেট্রিক্স অ্যান্ড রিপ্রডাক্টিভ হেলথ)- ০১ জন | ০১। বশেমুরকৃবি-এর ভাইস-চ্যান্সেলর, সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় প্রধানের সুপারিশক্রমে জ্যেষ্ঠতার ভিত্তিতে আবর্তক্রমে একজন শিক্ষককে নিয়োগ প্রদান করবেন।<br>০২। এই নিয়োগের কার্যকাল হবে ০২ (দুই) বছর।<br>০৩। এই নিয়োগ অতিরিক্ত দায়িত্ব হিসেবে বিবেচিত হবে। |
| ০৪। | বিশেষজ্ঞ প্রাণিচিকিৎসক (মেডিসিন)- ০২ জন | |
| ০৫। | বিশেষজ্ঞ প্রাণিচিকিৎসক (সার্জারি)- ০১ জন | |
| ০৬। | বিশেষজ্ঞ প্রাণিচিকিৎসক (ক্লিনিক্যাল প্যাথলজি)- ০১ জন | ০১। বশেমুরকৃবি-এর ভাইস-চ্যান্সেলর, প্যাথোবায়োলজি বিভাগের বিভাগীয় প্রধানের সুপারিশক্রমে প্যাথলজি বিষয়ে জ্যেষ্ঠতার ভিত্তিতে আবর্তক্রমে একজন শিক্ষককে নিয়োগ প্রদান করবেন।<br>০২। এই নিয়োগের কার্যকাল হবে ০২ (দুই) বছর।<br>০৩। এই নিয়োগ অতিরিক্ত দায়িত্ব হিসেবে বিবেচিত হবে। |

**ভিটিএইচ-এর কর্মকর্তাদের কার্যপরিধিঃ**

**পরিচালকঃ**

০১। ভিটিএইচ-এর সকল কার্যক্রম পরিচালক-এর মাধ্যমে সম্পন্ন হবে।

০২। ভিটিএইচ সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে পরিচালক প্রয়োজনীয় চাহিদাপত্র বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন।

০৩। আর্থিক বিষয়সমূহ বিশ্ববিদ্যালয়ের আর্থিক নীতিমালা অনুসরণ করে ট্রেজারার বরাবর প্রেরণ করবেন এবং ব্যয়ভারের স্বচ্ছতা নিশ্চিত করে খরচের ভাউচার সমন্বয় করতঃ সংরক্ষণ করবেন।

০৪। তিনি ভিটিএইচ-এ নিযুক্ত সকল কর্মকর্তা এবং কর্মচারীর বার্ষিক গোপনীয় প্রতিবেদন (ACR) প্রদান করবেন।

০৫। সকল ধরনের প্রত্যয়ণ পত্র বা সার্টিফিকেট (যেমন- হেলথ/সাউন্ডনেস/ডেথ সার্টিফিকেট) প্রদান করবেন।

০৬। অন্য কোন প্রতিষ্ঠান থেকে আগত ইন্টার্ন প্রাণিচিকিৎসকদের জন্য ইন্সট্রাক্টর মনোনয়ন প্রদান করবেন।

০৭। তিনি ভিটিএইচ-এ নিয়োজিত ইন্টার্ন প্রাণিচিকিৎসকদের উপস্থিতি ও পারঙ্গমতার (Performance) রিপোর্ট প্রদান করবেন।

**সহযোগী পরিচালকঃ**

০১। পরিচালক (ভিটিএইচ)-এর সকল কাজে সহযোগী পরিচালক প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

০২। ভিটিএইচ-এর চিকিৎসাসহ অন্যান্য সকল বিষয়াদির উপর মাসিক প্রতিবেদন উপস্থাপন করবেন।

০৩। ভিটিএইচ-এর ওষুধপত্রসহ, কেমিক্যালস, রি-অ্যাজেন্ট, যন্ত্রপাতিসহ যাবতীয় দ্রব্যাদি ক্রয়পূর্বক মজুদ বইয়ে নিবন্ধিকরণ ও সংরক্ষণ নিশ্চিত করবেন।

০৪। ভিটিএইচ-এর বিভিন্ন কাজে পরিচালক (ভিটিএইচ)-কে সার্বিক সহযোগিতা করবেন।

০৫। ভিটিএইচ-এর পরিচালকের ছুটিকালীন সময়ে পরিচালকের দ্বায়িত্ব পালন করবেন।

**ভিটিএইচ পরিচালনার আর্থিক নীতিমালাঃ**

ভিটিএইচ-এর বিভিন্ন কর্মকর্তার প্রাপ্য আর্থিক সুবিধাদি এবং প্রাণিচিকিৎসা, ময়না তদন্ত, পরীক্ষা-নীরিক্ষা ও সার্টিফিকেট প্রদানের ফিসমূহ সারণি ১-৬-এ উল্লেখ করা হয়েছে।

**সারণি ১ঃ ভিটিএইচ-এর পরিচালক, সহযোগী পরিচালক ও বিশেষজ্ঞ প্রাণিচিকিৎসকগণের প্রাপ্য আর্থিক সুবিধাদি**

| ক্রমিক নং | পদবী | প্রাপ্য সুবিধাদি |
|---|---|---|
| ০১। | পরিচালক | বিশ্ববিদ্যালয়ের অন্যান্য পরিচালক-এর ন্যায় আর্থিক সুবিধা প্রাপ্য হবেন। |
| ০২। | সহযোগী পরিচালক | বিশ্ববিদ্যালয়ের অন্যান্য সহযোগী পরিচালক-এর ন্যায় আর্থিক সুবিধা প্রাপ্য হবেন। |
| ০৩। | বিশেষজ্ঞ প্রাণিচিকিৎসক | বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রভোস্ট-এর ন্যায় আর্থিক সুবিধা প্রাপ্য হবেন। |

**সারণি ২ঃ ভিটিএইচ কর্তৃক নির্ধারিত রেজিস্ট্রেশন ফি (Registration Fees)**

| ক্রমিক নং | প্রাণী প্রজাতি | বহিঃবিভাগ ফি |
|---|---|---|
| ০১। | ঘোড়া | ১০০/- |
| ০২। | গরু/মহিষ | ৫০/- |
| ০৩। | বাছুর/ছাগল/ভেড়া/শুকর | ৩০/- |
| ০৪। | রাজহাঁস/মাসকোভি হাঁস/টারকি/তিতির (বৃহৎ পোল্ট্রি) | ২০/- |
| ০৫। | হাঁস/মুরগি/কোয়েল/কবুতর (পোল্ট্রি) | ১০/- |
| ০৬। | কুকুর/পোষা প্রাণী/বন্যপ্রাণী (বৃহৎ) | ২০০/- |
| ০৭। | কুকুর/বিড়াল/পোষা প্রাণী/বন্যপ্রাণী (ছোট) | ১০০/- |

| ক্রমিক নং | প্রাণী প্রজাতি | বহিঃবিভাগ ফি |
|---|---|---|
| ০৮। | পোষা পাখি/বন্য পাখি (বৃহৎ) | ১০০/- |
| ০৯। | পোষা পাখি/বন্য পাখি (ছোট) | ৫০/- |
| ১০। | শোভাবর্ধনকারী বা দামী কবুতর/পাখি | ৫০০/- |
| ১১। | সরীসৃপসহ হাতি/উট/বনগরু/গয়াল/বাঘসহ অন্যন্য বৃহৎ বন্যপ্রাণী | ৫০০/- |
| ১২। | সরীসৃপসহ হরিণ/বনছাগল/মেছোবাঘসহ অন্যান্য ছোট বন্যপ্রাণী | ৩০০/- |
| ১৩। | গবেষণাগার প্রাণী | ১০০/- |

বি.দ্র.ঃ এখানে অনুল্লেখিত প্রাণী এবং হাসপাতালের ইনডোরে ভর্তিকৃত প্রাণীর ক্ষেত্রে পরিচালক (ভিটিএইচ) আলোচনা সাপেক্ষে ফি নির্ধারণ করবেন। সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান, এনজিও, সার্কাস, ব্যাক্তিবিশেষের প্রাণীর ক্ষেত্রে নির্ধারিত ফি প্রযোজ্য হবে। তবে, বেওয়ারিশ প্রাণী, দূর্ঘটনায় পতিত মালিকানাবিহীন প্রাণী বা বন্যপ্রাণীর ক্ষেত্রে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করা হবে। বন্যপ্রাণী চিকিৎসার ক্ষেত্রে ভিটিএইচ-এর বিশেষজ্ঞ প্রাণিচিকিৎসকগণ বন্যপ্রাণী প্রজনন ও সংরক্ষণ কেন্দ্রের বিশেষজ্ঞদের পরামর্শ নিবেন। এই ফিসমূহ সময় সময় পরিবর্তিত হবে।

**সারণি ৩ঃ ভিটিএইচ কর্তৃক নির্ধারিত ময়না তদন্ত ফি (Post-mortem Fees)**

| ক্রমিক নং | প্রাণী প্রজাতি | ফি |
|---|---|---|
| ০১। | ঘোড়া/গরু/মহিষ (বৃহৎ গবাদিপ্রাণী) | ২৫০/- |
| ০২। | বাছুর/ছাগল/ভেড়া/শুকর (ছোট গবাদিপ্রাণী) | ১০০/- |
| ০৩। | রাজহাঁস/মাসকোভি হাঁস/টারকি/তিতির (বৃহৎ পোল্ট্রি) | ১০০/- |
| ০৪। | হাঁস/মুরগি/কোয়েল/কবুতর (পোল্ট্রি) | ১৫০/- |
| ০৫। | কুকুর/পোষা প্রাণী/বন্যপ্রাণী (বৃহৎ) | ৩০০/- |
| ০৬। | কুকুর/বিড়াল/পোষা প্রাণী/বন্যপ্রাণী (ছোট) | ২০০/- |
| ০৭। | পোষা পাখি/বন্য পাখি (বৃহৎ) | ২০০/- |
| ০৮। | পোষা পাখি/বন্য পাখি (ছোট) | ১০০/- |
| ০৯। | শোভাবর্ধনকারী বা দামী কবুতর/পাখি | ৫০০/- |
| ১০। | সরীসৃপসহ হাতি/উট/বনগরু/গয়াল/বাঘসহ অন্যন্য বৃহৎ বন্যপ্রাণী | ১,০০০/- |
| ১১। | সরীসৃপসহ হরিণ/বনছাগল/মেছোবাঘসহ অন্যান্য ছোট বন্যপ্রাণী | ৫০০/- |
| ১২। | গবেষণাগার প্রাণী | ২০০/- |

বি.দ্র.ঃ এখানে অনুল্লেখিত প্রাণীর ময়না তদন্তের ফি পরিচালক (ভিটিএইচ) আলোচনা সাপেক্ষে নির্ধারণ করবেন। তাছাড়া বেওয়ারিশ প্রাণী, দূর্ঘটনায় নিহত মালিকানাবিহীন প্রাণী বা বন্যপ্রাণীর ক্ষেত্রে বিনামূল্যে ময়না তদন্ত করা হবে। এই ফি-সমূহ সময় সময় পরিবর্তিত হবে।

**সারণি ৪ঃ ভিটিএইচ কর্তৃক নির্ধারিত নমুনা বা অন্যান্য পরীক্ষা-নিরীক্ষার ফি (Tests/Examination Fees)**

| ক্রমিক নং | পরীক্ষার ধরন | প্রাণী প্রজাতি | ফি |
|---|---|---|---|
| ০১। | Hematological Tests (রক্ত পরীক্ষা) | Hemoglobin Test (হিমোগ্লোবিন পরীক্ষা) | ৫০/- |
| | | CBC- Complete Blood Count (মোট রক্তকণিকা গণনা) | ৫০/- |
| | | Platelet Count (অনুচক্রিকা গণনা) | ৫০/- |
| | | ESR- Erythrocyte Sedimentation Rate (লোহিত রক্তকণিকার তলানি পরার হার) | ৫০/- |
| | | PCV- Packed Cell Volume (পিসিভি) | ৫০/- |

| ক্রমিক নং | পরীক্ষার ধরন | প্রাণী প্রজাতি | ফি |
|---|---|---|---|
| | | Blood Parasites (রক্ত পরজীবি) | ১০০/- |
| ০২। | Feces/Urine Examination (মল/মূত্র পরীক্ষা) | RE- Routine Examination (দৈনন্দিন পরীক্ষা) | ৫০/- |
| | | Feces Examination (পায়খানা পরীক্ষা) | ৫০/- |
| ০৩। | Serological Tests (রক্তরস পরীক্ষা) | ELISA (Enzyme-linked Immuno Sorbent Assay) | ৫০০/- |
| | | HI (Hemoglobin Inhibition) | ২০০/- |
| | | RSPAT (Rapid Serum Plate Agglutination Test) | ৩০০/- |
| ০৪। | Serum Enzyme Tests (রক্তরসে অ্যানজাইম পরীক্ষা) | SGPT (Serum Glutamate Pyruvate Transaminase) | ২০০/- |
| | | SGOT (Serum Glutamate Oxaloacetate Transaminase) | ২০০/- |
| | | AP (Alkaline Phosphate) | ২০০/- |
| ০৫। | Biochemical Tests (জৈব-রাসায়নিক পরীক্ষা) | Blood Glucose (রক্তে গ্লুকোজ) | ২০০/- |
| | | Serum Creatinine (রক্তরসে ক্রিয়েটিনিন) | ২০০/- |
| | | Serum Urea (রক্তরসে ইউরিয়া) | ২০০/- |
| | | Serum Protein (রক্তরসে আমিষ) | ২০০/- |
| | | Serum Bilirubin (রক্তরসে বিলিরুবিন) | ১০০/- |
| ০৬। | Other Tests/ Examinations (অন্যান্য পরীক্ষা) | Pregnancy Test (গর্ভ পরীক্ষা) | ২০০/- |
| | | Diagnosis of Reproductive Disorder (প্রজননসংক্রান্ত ব্যাধি পরীক্ষা) | ২৫০/- |
| | | Artificial Insemination (কৃত্রিম প্রজনন) | ১০০/- |
| | | X-rays (রঞ্জন রশ্মি) (প্রতিটি) | ২০০/- |
| | | Ultrasonography (আল্ট্রাসনোগ্রাফি) | ৫০০/- |
| | | Skin Scraping Examination | ২০০/- |
| | | Microbiological Examination | ৩০০/- |
| | | Antibiotic sensitivity test for bacteria | ৩০০/- |

বি.দ্র.ঃ এখানে অনুল্লেখিত পরীক্ষার ক্ষেত্রে পরিচালক (ভিটিএইচ) আলোচনা সাপেক্ষে ফি নির্ধারণ করবেন। তাছাড়া বেওয়ারিশ প্রাণী, দূর্ঘটনায় নিহত মালিকানাবিহীন প্রাণী বা বন্যপ্রাণীর ক্ষেত্রে বিনামূল্যে ময়না তদন্ত করা হবে। এই ফিসমূহ সময় সময় পরিবর্তিত হবে। তাছাড়া বিশ্ববিদ্যালয়ের বাহিরের কোন প্রতিষ্ঠান থেকে কোন পরীক্ষা করার প্রয়োজন হলে তার খরচ প্রাণীর মালিক বা প্রতিষ্ঠানকে বহন করতে হবে।

### সারণি ৫ঃ ভিটিএইচ কর্তৃক নির্ধারিত শৈল, প্রসূতি ও প্রসবসংকটবিষয়ক চিকিৎসা ফি (Surgical, Gynecological & Obstetrical Fees)

| ক্রমিক নং | চিকিৎসার প্রকারভেদ | ছাগল/ ভেড়া | বাছুর | গরু/ মহিষ | ঘোড়া | বড় কুকুর | ছোট কুকুর/ বিড়াল | পোল্ট্রি | বৃহৎ বন্যপ্রাণী | ছোট বন্যপ্রাণী |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১। | Minor Operation (লঘুতর অস্ত্রোপচার), *e.g.* Docking (লেজকাটা), Dehorning (শিং কাটা), Castration (খোঁজাকরণ), Cysts (সিস্ট), Abscess (অ্যাবসেস), Upward Fixation of Patella (আপওয়ার্ড প্যাটেলার ফিক্সেশন) etc | ১০০/- | ১০০/- | ১৫০/- | ২০০/- | ২০০/- | ১০০/- | - | ৩০০/- | ২০০/- |

| ক্রমিক নং | চিকিৎসার প্রকারভেদ | ছাগল/ ভেড়া | বাছুর | গরু/ মহিষ | ঘোড়া | বড় কুকুর | ছোট কুকুর/ বিড়াল | পোল্ট্রি | বৃহৎ বন্যপ্রাণী | ছোট বন্যপ্রাণী |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০২। | Major Operation (গুরুতর অস্ত্রোপচার) | | | | | | | | | |
| | Cesarean Section (সিজারিয়ান সেকশন) | ৫০০/- | - | ১,৫০০/- | ১,৫০০/- | ১,৫০০/- | ১,০০০/- | - | ২,০০০/- | ১,৫০০/- |
| | Hernia/ Atresia ani (হার্নিয়া/ অ্যাট্রেশিয়া অ্যানাই) | ১০০/- | ৩০০/- | - | - | - | - | - | ৫০০/- | ৩৫০/- |
| | Urolithiasis (মূত্রনালীর পাথর) | ২০০/- | - | ৩০০/- | ৩০০/- | | | - | ৫০০/- | ৩৫০/- |
| | Ovariohysterectomy/ Ligation/Spaying (ডিম্বাশয় অপসারণ/বন্ধ্যাকরণ/স্পেয়িং | - | - | - | - | ৪০০/- | ৩০০/- | - | ৫০০/- | ৩৫০/- |
| ০৩। | Caponization (ক্যাপোনাইজেশন) | - | - | - | - | - | - | ৫০/- | - | - |

বি.দ্র.ঃ এখানে উল্লেখ নেই এমন কোন শৈল, প্রসূতি ও প্রসবসংকটবিষয়ক চিকিৎসার ক্ষেত্রে পরিচালক (ভিটিএইচ) আলোচনা সাপেক্ষে ফি নির্ধারণ করবেন। অন-কল চিকিৎসার ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রাণিচিকিৎসক ফি প্রাপ্য হবেন এবং তার যাতায়াত ভাতা প্রাণীর মালিক বা প্রতিষ্ঠান বহন করবেন। এই ফিসমূহ সময় সময় পরিবর্তিত হবে।

**সারণি ৬ঃ ভিটিএইচ কর্তৃক প্রদানকৃত স্বাস্থ্য, সাউন্ডনেস ও মৃত্যু সার্টিফিকেটের ফি (Fees for Health, Soundness & Death Certificates)**

| ক্রমিক নং | প্রাণী প্রজাতি | ফি |
|---|---|---|
| ০১। | গবাদিপ্রাণীর স্বাস্থ্য ও সাউন্ডনেস সার্টিফিকেট | ২০০/- |
| ০২। | কুকুর, অন্যান্য বৃহৎ পোষা (বা বন্যপ্রাণী) এবং মূল্যবান পাখি ও প্রাণীর স্বাস্থ্য ও সাউন্ডনেস সার্টিফিকেট | ১,০০০/- |
| ০৩। | বিড়াল ও অন্যান্য ছোট পোষা বা বন্যপ্রাণীর স্বাস্থ্য ও সাউন্ডনেস সার্টিফিকেট | ৫০০/- |
| ০৪। | সাধারণ পোল্ট্রির স্বাস্থ্য ও সাউন্ডনেস সার্টিফিকেট | ৫০/- |
| ০৫। | খরগোশ ও অন্যান্য ল্যাবরেটরি প্রাণীর সাউন্ডনেস সার্টিফিকেট | ২০০/- |
| ০৬। | গবাদিপ্রাণীর মৃত্যুর সার্টিফিকেট | ১০০/- |
| ০৭। | পোষা ও মূল্যবাণ প্রাণীর মৃত্যুর সার্টিফিকেট | ২০০/- |

বি.দ্র.ঃ এখানে উল্লেখ নেই এমন কোন প্রাণীর বা ধরনের সার্টিফিকেটের ফি পরিচালক (ভিটিএইচ) আলোচনা সাপেক্ষে নির্ধারণ করবেন। সার্টিফিকেটের ফি-এর ৫০% প্রত্যয়ণকারী প্রাপ্য হবেন ও বাকি ৫০% ভিটিএইচ-এ জমা হবে। এই ফিসমূহ সময় সময় পরিবর্তিত হবে।